

# DAFFODIL INSTITUTE OF ENGINEERING & TECHNOLOGY

quest for engineering technology

# ইনস্টিটিউট প্রসপেক্টাস

Visit our Website & Discover Your Future

www.diet.ac

# MESSAGE

## চেয়ারম্যান

"বাংলাদেশের কারিগরি ও শিক্ষা খাত বর্তমানে এক গুরুত্বপূর্ণ পরিবর্তনের যুগে প্রবেশ করেছে। আমাদের সামনে এখন সবচেয়ে বড় চ্যালেঞ্জ — প্রযুক্তি ও দক্ষতাভিত্তিক একটি উদ্যমী, সৃজনশীল এবং প্রস্তুত যুবসমাজ তৈরি করা। আজকের তরুণরাই একটি দেশের উন্নয়নের চালিকাশক্তি। অথচ, বাংলাদেশে এই বিশাল যুব জনগোষ্ঠীকে যথাযথভাবে দক্ষতা অর্জনের মাধ্যমে উৎপাদনশীল ও গুরুত্বপূর্ণ ভূমিকায় সম্পৃক্ত করার জন্য পর্যাপ্ত কাঠামো বা ব্যবস্থা এখনও পুরোপুরি গড়ে ওঠেনি। এই প্রেক্ষাপটে শিক্ষা ব্যবস্থাকে হতে হবে আরও কার্যকর, বাস্তবমুখী এবং আন্তর্জাতিকভাবে প্রতিযোগিতায় সক্ষম। ড্যাফোডিল ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (DIET) প্রতিষ্ঠিত হয়েছে এমন একটি প্ল্যাটফর্ম হিসেবে, যেখানে শিক্ষার্থীরা আধুনিক প্রযুক্তি, দক্ষতা, মানসিক সক্ষমতা এবং সামাজিক মূল্যবোধের সমন্বয়ে প্রস্তুত হতে পারে। আমরা শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষার্থীদের এমনভাবে গড়ে তুলি যাতে তারা দেশ-বিদেশের কর্মক্ষেত্রে সাফল্যের সঙ্গে নিজেদের ভূমিকা রাখতে পারে। আমি বিশ্বাস করি, ড্যাফোডিল ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি একদিন বিশ্বমানের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের অন্যতম হয়ে উঠবে — এবং এই লক্ষ্য অর্জনে আমি সর্বাত্মক সহযোগিতা ও প্রচেষ্টা চালিয়ে যাবো।"



**ড. মোঃ সবুর খান**
চেয়ারম্যান

## সিইও

"ড্যাফোডিল ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (DIET) এমন একটি প্রতিষ্ঠান, যেখানে ডিপ্লোমা শিক্ষার্থীরা তাদের ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক চ্যালেঞ্জ মোকাবেলায় প্রয়োজনীয় দক্ষতা অর্জনের সুযোগ পায়। এই প্রতিযোগিতামূলক ও প্রযুক্তিনির্ভর যুগে আমরা শিক্ষার্থীদের জন্য এমন কোর্স ডিজাইন করেছি, যা বর্তমান চাকরি বাজারের চাহিদার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। আমাদের লক্ষ্য শুধুমাত্র উচ্চমানের শিক্ষা প্রদান নয়, বরং শিক্ষার্থীদের আইটি জ্ঞান ও প্রযুক্তিগত প্রতিভা বৃদ্ধির মাধ্যমে তাদের একটি আধুনিক ও কর্মক্ষম ভবিষ্যতের জন্য প্রস্তুত করা। আমরা বিশ্বাস করি,ড্যাফোডিল ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি -এর শিক্ষার্থীরা ভবিষ্যতে দেশ-বিদেশের উন্নয়নযাত্রায় গর্বিত ভূমিকা রাখতে সক্ষম হবে।"



**ড. মোহাম্মদ নুরুজ্জামান**
সিইও

## ▶ ভূমিকা :

ড্যাফোডিল ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি ড্যাফোডিল পরিবারের অন্যতম প্রধান সহযোগী প্রতিষ্ঠান, যা প্রযুক্তিনির্ভর বাংলাদেশ গড়ার লক্ষ্যকে সামনে রেখে যাত্রা শুরু করে ২০০৫ সালের মাঝামাঝি সময়ে। ঢাকার প্রাণকেন্দ্র ধানমন্ডির বিশৃঙ্খলামুক্ত এক মনোরম পরিবেশে অবস্থিত এই ইনস্টিটিউটটি শুরু থেকেই শিক্ষার মান, শৃঙ্খলা এবং শিক্ষার্থীদের নৈতিক ও পেশাগত উন্নয়নে গুরুত্ব দিয়ে আসছে। ইতোমধ্যে অনেক মেধাবী শিক্ষার্থী প্রতিষ্ঠানটি থেকে দক্ষতা অর্জন করে বাংলাদেশের দক্ষ নাগরিক হিসেবে গড়ে উঠেছে এবং দেশ ও দেশের বাহিরে বিভিন্ন গুরুত্বপূর্ণ কর্মক্ষেত্রে অবদান রাখছে। এই প্রতিষ্ঠানটি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (BTEB) অনুমোদিত এবং শিক্ষা মন্ত্রণালয় স্বীকৃত। এখানে কম্পিউটার টেকনোলজি, ইলেকট্রিক্যাল টেকনোলজি, সিভিল টেকনোলজি, মেকানিক্যাল টেকনোলজি, অটোমোবাইল টেকনোলজি এবং টেক্সটাইল টেকনোলজি—এই ছয়টি বিষয়ে চার বছরের ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রি প্রদান করা হয়।

## ▶ মিশন :

- প্রযুক্তিগতভাবে দক্ষ মানবসম্পদ উন্নয়নের মাধ্যমে জাতীয় অর্থনীতিতে অবদান রাখা।
- উদ্যোক্তা তৈরির মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।
- প্রত্যেক শিক্ষার্থীর মধ্যে প্রয়োজনীয় দক্ষতা ও প্রতিযোগিতামূলক সক্ষমতা গড়ে তোলা।
- যুগোপযোগী দক্ষতাসম্পন্ন মানবসম্পদ গড়ে তুলে শিল্পখাতে অবদান রাখে।
- আধুনিক প্রযুক্তি, সফট স্কিল ও নৈতিক শিক্ষার সমন্বয়ে শিক্ষার্থীদের পরিপূর্ণ করে তোলা।
- কর্মমুখী ও বাস্তবভিত্তিক শিক্ষার মাধ্যমে আত্মনির্ভরযোগ্যতা নিশ্চিত করা।
- দেশি ও আন্তর্জাতিক পর্যায়ে দক্ষ জনশক্তি তৈরি করে বৈশ্বিক প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিত করা।

## ▶ ভিশন :

প্রযুক্তি, দক্ষতা ও নৈতিকতার সমন্বয়ে এমন একটি শিক্ষাবান্ধব পরিবেশ তৈরি করা, যেখানে প্রতিটি শিক্ষার্থী হবে আত্মনির্ভর, কর্মক্ষম ও নৈতিকতার ভিত্তিতে গঠিত এক আধুনিক সমাজের নির্মাতা, যারা শিল্পপ্রতিষ্ঠান, জাতি এবং বৈশ্বিক অর্থনীতিতে ইতিবাচক অবদান রাখার জন্য প্রস্তুত থাকবে এবং ভবিষ্যতের উন্নত বাংলাদেশের রূপকারে পরিণত হবে।

বিস্তারিত জানতে
QR কোডটি স্ক্যান করুন :



# অটোমোবাইল টেকনোলজি:

অটোমোবাইল টেকনোলজি একটি চ্যালেঞ্জিং এবং দ্রুত অগ্রসরমান প্রকৌশল শাখা, যা যানবাহনের ডিজাইন, ম্যানুফ্যাকচারিং, অপারেশন ও রক্ষণাবেক্ষণের সঙ্গে জড়িত। এই কোর্সে শিক্ষার্থীরা ইঞ্জিন, গিয়ারবক্স, ব্রেক, স্টিয়ারিং, সাসপেনশন, ইলেকট্রিক ও ইলেকট্রনিক সিস্টেমের কার্যপ্রণালি হাতে-কলমে শিখে। আধুনিক ডায়াগনস্টিক সিস্টেম, ইলেকট্রিক ও হাইব্রিড গাড়ির প্রযুক্তি, অটোট্রনিক্সসহ যুগোপযোগী দক্ষতা অর্জনের মাধ্যমে শিক্ষার্থীরা প্রস্তুত হয় দেশি-বিদেশি চাকরি ও উদ্যোক্তা হওয়ার জন্য। অটোমোবাইল ইঞ্জিনিয়াররা সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, সার্ভিস টেকনিশিয়ান, ওয়ার্কশপ সুপারভাইজার, গাড়ি নির্মাতা কোম্পানি, পরিবহন বিভাগ, সার্ভিস সেন্টার, বায়িং হাউস এবং গবেষণা ও ডিজাইন বিভাগে কাজ করার সুযোগ পায়।

## ডিপার্টমেন্ট ল্যাব সমূহ

- চ্যাসিস ও ট্রান্সমিশন ল্যাব
- ডিজেল ইঞ্জিন ল্যাব (পেট্রোল ও ডিজেল)
- ব্রেক, সাসপেনশন ও স্টিয়ারিং সিস্টেম ল্যাব
- অটোট্রনিক্স ও ইলেকট্রনিক সিস্টেম ল্যাব
- আধুনিক স্ক্যানার ও ডায়াগনস্টিক ল্যাব
- 2 এবং 3 হুইলার ওয়ার্কশপ
- অটো ওয়ার্কশপ
- ইন্ডাস্ট্রিয়াল অটোমেশন ল্যাব

বিস্তারিত জানতে QR কোডটি স্ক্যান করুন:



# মেকানিক্যাল টেকনোলজি :

মেকানিক্যাল টেকনোলজি হলো এমন একটি প্রযুক্তি শাখা, যা ধাতু ও যন্ত্রপাতির মাধ্যমে আধুনিক জীবনকে সহজ, নিরাপদ ও আরামদায়ক করে তোলে। পণ্য উৎপাদন, মান নিয়ন্ত্রণ, যন্ত্র নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও ডিজাইন—সব ক্ষেত্রেই এই টেকনোলজির ভূমিকা অপরিসীম।

শিল্প কারখানা, বিদ্যুৎকেন্দ্র, জাহাজ নির্মাণ, গাড়ি নির্মাণ, রেফ্রিজারেশন ও মেশিন ডিজাইনসহ বহু খাতে রয়েছে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারদের চাহিদা। ক্ষুদ্র, মাঝারি ও ভারী শিল্পে চাকরি এবং উদ্যোক্তা হওয়ার সুযোগ সমানভাবে বিদ্যমান।

সরকারি প্রতিষ্ঠান যেমন: RHD, PWD, LGED, BADC, BWDB, BPDB, DESCO, PGCB, WASA, BAPEX, Bangladesh Atomic Energy Commission, Shipping Corporation বাংলাদেশ রেলওয়ে ইত্যাদিতে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার ও টেকনিক্যাল পদে কাজের সুযোগ রয়েছে।

## ডিপার্টমেন্ট ল্যাব সমূহ

- অটোমেশন ও প্রসেস কন্ট্রোল ল্যাব
- মেট্রোলজি এবং মেশিন টুল টেস্টিং ল্যাব
- ফলিত থার্মোডাইনামিক্স ল্যাব
- CAD/CAM ল্যাব
- রেফ্রিজারেশন এবং এয়ার কন্ডিশনার ল্যাব
- হিট ইঞ্জিন ল্যাব
- উপাদান পরীক্ষার ল্যাব
- ফ্লুইড মেকানিক্স এবং মেশিন ল্যাব
- কর্মশালা I (ফাউন্ড্রি এবং ওয়েল্ডিং) ল্যাব
- ওয়ার্কশপ II (লেদ, ড্রিলিং এবং শেপিং) ল্যাব
- কর্মশালা III (বিশেষ মেশিন)
- CNC M/C ল্যাব



বিস্তারিত জানতে QR কোডটি স্ক্যান করুন:



# ইলেকট্রিক্যাল টেকনোলজি :

ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং হলো আধুনিক সভ্যতার অন্যতম চালিকাশক্তি। বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন, নিয়ন্ত্রণ ও ব্যবহারের প্রতিটি স্তরে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারদের অবদান অপরিসীম। এই খাতে রয়েছে ক্যারিয়ার গড়ার অসংখ্য সম্ভাবনা।একজন ডিপ্লোমা পাস ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি খাতে যেমন—বিদ্যুৎ বিতরণ সংস্থা, টেলিকম সেক্টর, গার্মেন্টস, আইটি কোম্পানি, NPCBL, PWD, BPDB, DESA, DESCO, DPDC, PGCB, MES, R&H সহ বহু সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার ও সার্ভিস ইঞ্জিনিয়ার খাতে চাকরি করতে পারে। এছাড়াও, তারা নিজের ক্ষুদ্র বা মাঝারি শিল্প কারখানা স্থাপন করে উদ্যোক্তা হিসেবেও সফলতা অর্জন করতে পারে।

## ডিপার্টমেন্ট ল্যাব সমূহ

- সার্কিট অ্যানালাইসিস ল্যাব
- ইলেকট্রনিক্স ল্যাব
- ইলেকট্রিক্যাল মেশিন ল্যাব
- পিএলসি (PLC) ল্যাব
- মেজারমেন্ট ও ইন্সট্রুমেন্টেশন ল্যাব
- কম্পিউটার ল্যাব
- ড্রাফটিং ও ডিজাইন ল্যাব
- কমিউনিকেশন সিস্টেম ল্যাব

বিস্তারিত জানতে QR কোডটি স্ক্যান করুন:



# কম্পিউটার সাইন্স এন্ড টেকনোলজি

কম্পিউটার বিজ্ঞানের অগ্রযাত্রা আধুনিক বিশ্বের রূপ বদলে দিয়েছে। গত কয়েক দশকে এটি বিশ্বের দ্রুততম সম্প্রসারিত শিল্পে পরিণত হয়েছে। গবেষণায় দেখা গেছে, ১৯৯৬ সাল থেকে বিশ্বব্যাপী সবচেয়ে বেশি কর্মসংস্থান সৃষ্টি হয়েছে কম্পিউটার এবং তথ্যপ্রযুক্তি-সংশ্লিষ্ট ক্ষেত্রে।বর্তমানে সরকারি, বেসরকারি, শিল্প, শিক্ষা, স্বাস্থ্য, ব্যবসা—সব ক্ষেত্রেই কম্পিউটার এবং আইসিটি নির্ভরতা বেড়েছে বহুগুণ। এর ফলে এই খাতে কর্মসংস্থানের সুযোগও বেড়েছে বহুলাংশে। তাই একজন শিক্ষার্থী এখন শুধুমাত্র দেশের মধ্যেই নয়, আন্তর্জাতিক পর্যায়েও ক্যারিয়ার গড়ার সম্ভাবনা পাচ্ছেন।বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (BTEB) অনুমোদিত ডিপ্লোমা ইন কম্পিউটার সাইন্স অ্যান্ড টেকনোলজি কোর্সটি সফলভাবে সম্পন্ন করে শিক্ষার্থীরা বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থায় চাকরি করার সুযোগ পায় যেমন: প্রোগ্রামিং ও সফটওয়্যার ডেভেলপমেন্ট, আইটি ফার্ম ও সফটওয়্যার কোম্পানি, নেটওয়ার্ক এডমিনিস্ট্রেশন ও সাইবার সিকিউরিটি,ওয়েব ও মোবাইল অ্যাপ ডেভেলপমেন্ট,শিল্প কারখানায় অটোমেশন ও আইটি সাপোর্ট,উদ্যোক্তা হিসেবে নিজস্ব সফটওয়্যার/আইটি ব্যবসা প্রতিষ্ঠা করেন।

এছাড়াও, দেশ-বিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বি.এসসি ইন সিএসই বা সমমানের উচ্চতর ডিগ্রির সুযোগও রয়েছে।

## ডিপার্টমেন্ট ল্যাব সমূহ

- কম্পিউটার ল্যাব
- হার্ডওয়্যার ল্যাব
- সফটওয়্যার ল্যাব
- PLC ল্যাব
- AI ও ডেটা সায়েন্স কর্নার
- IOT ও স্মার্ট টেক ল্যাব

বিস্তারিত জানতে QR কোডটি স্ক্যান করুন:

# টেক্সটাইল টেকনোলজি :

টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং হলো একটি সৃজনশীল ও প্রযুক্তিনির্ভর শাখা, যেখানে ফাইবার থেকে সুতা, সুতা থেকে কাপড়, আর সেই কাপড়ে ডাইং, প্রিন্টিং ও ফিনিশিংয়ের মাধ্যমে তৈরি হয় গুণগতমানসম্পন্ন পণ্য।বাংলাদেশের অন্যতম রপ্তানি খাত গার্মেন্টস ও টেক্সটাইল ইন্ডাস্ট্রিতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারদের রয়েছে প্রচুর চাহিদা। বায়িং হাউস, স্পিনিং, উইভিং, ফিনিশিং, কম্পোজিট ও গার্মেন্টস শিল্পে দক্ষ টেক্সটাইল ইঞ্জিনিয়ারদের কর্মসংস্থান নিশ্চিত।এছাড়াও, দেশে-বিদেশে উচ্চতর ডিগ্রি (BSc, MSc, PhD) এবং রিসার্চে অংশ নেওয়ার বিশাল সুযোগ রয়েছে। দিন দিন এই খাতের বিস্তৃতি বাড়ছে টেক্সটাইলের মতো আধুনিক সেক্টরে।

## ডিপার্টমেন্ট ল্যাব সমূহ

- ফ্যাব্রিক ম্যানুফ্যাকচারিং ল্যাব
- সুতা উৎপাদন ল্যাব
- ওজন প্রক্রিয়াকরণ ল্যাব
- টেক্সটাইল টেস্টিং ল্যাব
- ফিনিশিং ল্যাব
- গার্মেন্টস ম্যানুফ্যাকচারিং ল্যাব

বিস্তারিত জানতে QR কোডটি স্ক্যান করুন:



# সিভিল টেকনোলজি :

সিভিল ইঞ্জিনিয়ারিং হলো আধুনিক প্রকৌশলের একটি গুরুত্বপূর্ণ শাখা, যেখানে রাস্তা, সেতু, টানেল, ভবন, বিমানবন্দর, বাঁধ, পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা নির্মাণসহ বিভিন্ন অবকাঠামোগত কাজের পরিকল্পনা, নকশা, তত্ত্বাবধান ও বাস্তবায়ন করা হয়।একজন দক্ষ সিভিল ইঞ্জিনিয়ার প্রকল্প বাস্তবায়নের পাশাপাশি প্রশাসনিক ও প্রযুক্তিগত সিদ্ধান্ত গ্রহণেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। সরকারি ও বেসরকারি খাতে সাইট ইঞ্জিনিয়ার, উপ-সহকারী প্রকৌশলী, ডিজাইন অফিসার, রিসার্চার কিংবা শিক্ষক হিসেবেও কাজের সুযোগ রয়েছে। LGED, PWD, BR, BBA, MES, EED, WASA, DESCO, DPDC, BADC, BWDB, DNCC, DSCC, LGD, BPSC, PHED, RHD, PGCB, BPDB, CPA বাংলাদেশ এয়ারলাইন্স, টেলিকম ও আবাসন খাতে দেশে-বিদেশে রয়েছে বিস্তৃত কর্মসংস্থানের সুযোগ।

## ডিপার্টমেন্ট ল্যাব সমূহ

- নির্মাণ ল্যাব
- সার্ভেয়িং ল্যাব
- CAD ল্যাব
- হাইড্রলিক্স ল্যাব
- জিওটেকনিক্যাল ল্যাব
- ট্রান্সপোর্টেশন ল্যাব
- কনস্ট্রাকশন ল্যাব

বিস্তারিত জানতে QR কোডটি স্ক্যান করুন:



## ❖ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম:

ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং একটি ৪ বছর মেয়াদী কারিগরি শিক্ষাক্রম, যা মোট ৮টি সেমিস্টারে বিভক্ত। প্রতিটা সেমিস্টার ৬ মাসব্যাপী এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের তত্ত্বাবধানে সেমিস্টার ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হয়। শিক্ষার্থীদের মিডটার্ম, ক্লাস টেস্ট, কুইজ এবং কমপক্ষে ৮০% ক্লাস উপস্থিতি নিশ্চিত করা বাধ্যতামূলক। সম্পূর্ণ শিক্ষাক্রম শেষে শিক্ষার্থীরা বোর্ড কর্তৃক ডিপ্লোমা সনদ লাভ করে। এই শিক্ষাক্রমের মোট ক্রেডিট ১৫০ থেকে ১৬০ এর মধ্যে নির্ধারিত থাকে, যেখানে ১০-১৫% সোস্যাল স্কিল, ১৫-১৭% সাইন্স ও ম্যাথ, ১০-১২% রিলেটেড ইঞ্জিনিয়ারিং এবং ৫৮-৬০% কোর ইঞ্জিনিয়ারিং বিষয়ের জন্য নির্ধারিত থাকবে। তাত্ত্বিক ও ব্যবহারিক শিক্ষণের অনুপাত সাধারণত ৪০:৬০ রাখা হয়, যা প্রয়োজনে ৫% পর্যন্ত পরিবর্তনযোগ্য। এই কাঠামো শিক্ষার্থীদের দক্ষ, আত্মনির্ভর ও শিল্প-প্রস্তুত করে গড়ে তুলতে সহায়তা করে।

## ❖ ভর্তির নূন্যতম যোগ্যতা

এস এস সি (সাধারণ/ভোকেশনাল/দাখিল/সমমান )পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০ থাকতে হবে। পাশের সাল ও বিভাগ শিথিলযোগ্য। এইচ এস সি  কৃতকার্য/অকৃতকার্য পরীক্ষার্থীরাও ভর্তির জন্য আবেদন করতে পারবে।

## ❖ ফি প্রদানের নির্দেশিকা

প্রতিমাসে ১-৫ তারিখের মধ্যে মাসিক বেতনাদি ও সেমিষ্টারের শুরুতে অফিসকর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সেমিস্টার ফি অত্র প্রতিষ্ঠানের নির্ধারিত ব্যাংক একাউন্টে/শাখায় প্রদান করতে হয়। এছাড়াও অন্যান্য ফি সমূহ নির্ধারিত সময়ে বোর্ড/প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সময়ে ব্যাংক হিসাবের পাশাপাশি অনলাইন পেমেন্ট(বিকাশ/নগদ/ওয়ান কার্ড)-এর মাধ্যমে প্রদান করার সুযোগ রয়েছে। প্রতিটি ফি প্রদানের পূর্বে প্রতিষ্ঠান কর্তৃক একাডেমিক নোটিশের পাশাপাশি অভিভাবক ও শিক্ষার্থীকে এসএমএস এর মাধ্যমে অবহিত করা হয়ে থাকে।

## ❖ ভর্তির নীতিমালা

নির্ধারিত সময়ের মধ্যে প্রতিষ্ঠানের ভর্তি অফিস থেকে বোর্ড নির্ধারিত আবেদন পত্র সংগ্রহ করে, আবেদন পত্রে প্রয়োজনীয় তথ্য বিবরণী পূরণ করে নিম্নলিখিত কাগজপত্রগুলি ভর্তি অফিসে জমা দিতে হবে :

- শিক্ষার্থীর এসএসসি প্রবেশপত্র এবং রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি
- শিক্ষার্থীর এসএসসি মূল মার্কশিট
- শিক্ষার্থীর সাদা ব্যাকগ্রাউন্ডসহ সাম্প্রতিক পাসপোর্ট সাইজের ছবি(স্কুল ইউনিফর্ম পরিহিত অবস্থায় তোলা ছবি কোন অবস্থাতেই গ্রহণ করা হবে না।)
- শিক্ষার্থীর অভিভাবকের এনআইডি কার্ডের ফটোকপি এবং নির্ধারিত ফি উল্লেখ্য,  নির্দিষ্ট সংখ্যক সীমিত আসনে শুধুমাত্র যোগ্য শিক্ষার্থীদের ভর্তি করা হবে।



## ❖ শিক্ষার্থীদের জন্য রয়েছে নিজস্ব পৃথক Hostel Facility

ছেলে ও মেয়ে শিক্ষার্থীদের জন্য রয়েছে ধানমন্ডিতে ক্যাম্পাসের নিকটে পৃথক হোস্টেল সুবিধা। ধানমন্ডিতে অবস্থিত ভবনে রয়েছে স্বাস্থ্যকর খাদ্য, সুপ্রশস্থ, সুসজ্জিত, সুরক্ষিত কক্ষ ও পড়াশুনার জন্য মনোরম পরিবেশ। প্রতিটি শিক্ষার্থীকে নির্ধারিত সময়ে Student Affairs অফিসে যোগাযোগ করে হোস্টেলে সিট বরাদ্দ করতে হবে। ফোন -০১৮৩৩১০২৮২২

## ❖ মেয়ে শিক্ষার্থীদের জন্য থাকছে বিশেষ মেধাবৃত্তি

কারিগরি শিক্ষায় মেয়ে শিক্ষার্থীদের উদ্বুদ্য করনে সকল মেয়ে শিক্ষার্থীদের জন্যে ড্যাফোডিল ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি এর সকল টেকনোলজিতে বিশেষ ৫০% বৃত্তি প্রদান করে থাকে। প্রতি সেমিস্টারে মেয়ে শিক্ষার্থীকে পাস্ করতে হবে।

## ❖ শিক্ষা সহায়ক কার্যক্রম

শিক্ষা সহায়ক কার্যক্রম বা Extra Curricular Activities লেখাপড়ার একটি অন্যতম অংশ। শিক্ষার্থীদের মেধা বিকাশ ও তার বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। অধ্যনরত অবস্থায় এই শিক্ষা সহায়ক কার্যক্রম একজন শিক্ষার্থীকে ভবিষৎ চ্যালেঞ্জ মোকাবেলা করতে প্রস্তুত করে। ড্যাফোডিল ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি শিক্ষার্থীদের পড়ালেখার পাশাপাশি মেধা বিকাশে তথ্য শিক্ষামূলক ও সামাজিক দায়বদ্ধতার বিভিন্ন গুরুত্বপূর্ণ কার্যক্রমের সাথে যুক্ত রাখার লক্ষ্যে শিক্ষার্থীদের মাধ্যমে পরিচালিত বিভিন্ন ক্লাবসমূহের মাধ্যমে এ সকল কার্যাবলি পরিচালিত করে থাকে।

## ❖ ক্লাব সমূহ



## ❖ মেধাবৃত্তি

ড্যাফোডিল ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (DIET) এস.এস.সি পরীক্ষায় ভালো ফলাফল করা শিক্ষার্থীদের জন্য মেধাবৃত্তির সুযোগ প্রদান করে। এই বৃত্তির মূল উদ্দেশ্য হলো শিক্ষার্থীদের কারিগরি শিক্ষায় উৎসাহিত করা এবং তাদের উচ্চশিক্ষার পথকে আরও সহজ ও সাশ্রয়ী করে তোলা।

| | |
|---|---|
| জিপিএ ৩.৫০-৩.৯৯ | ১৫% |
| জিপিএ ৪.০০-৪.৪৯ | ২০% |
| জিপিএ ৪.৫০-৪.৯৯ | ২৫% |
| জিপিএ ৫.০০ | ৫০% |
| গোল্ডেন এ+ | ১০০% |



# দক্ষ ডিপ্লোমা ইঞ্জিনিয়ার গড়তে আমাদের রয়েছে ৩৬০° সাপোর্ট সার্ভিস

প্রযুক্তি নির্ভর এবং দক্ষ ডিপ্লোমা ইঞ্জিনিয়ার গড়ার লক্ষ্যে একমাত্র আমরাই দিচ্ছি
One Student One Laptop

চাকরি ও ইন্টার্নশীপ প্রাপ্তির নিশ্চয়তায়
Skill.jobs

সরকারের মাসিক উপবৃত্তি ও ফ্রী বই

আর্থিক সুবিধাসহ স্বল্পতম সময়ে উচ্চশিক্ষার নিশ্চয়তায়
Daffodil International University

বিদেশে Skill Employment এর জন্য আমাদের রয়েছে
GLOBAL RECRUITING AGENCY

শিক্ষার্থীদের নিয়মিত লেখাপড়ার পাশাপাশি তাদের দক্ষতাকে কাজে লাগানোর পরিবেশ সৃষ্টির লক্ষ্যে আমরাই প্রণয়ন করেছি
WORK BASED SCHOLARSHIP

ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং শিক্ষাকে ঝুকিমুক্ত ও নিশ্চিত করতে একমাত্র আমরাই দিচ্ছি,
Student Guardian Life insurance

শিক্ষার্থীদের জন্য একমাত্র আমরাই দিচ্ছি তরুন উদ্যোক্তা ফান্ড
BANGLADESH VENTURE CAPITAL


আর্থিক সহায়তা প্রদানে আমারা দিচ্ছি
মেধা বৃত্তি

## ফ্যাক্টস এন্ড ফিগার

| | | |
|---|---|---|
| ১০০% প্রযুক্তিগত দক্ষতা | ৮০০+ বর্তমান শিক্ষার্থী | ০৬ ডিপার্টমেন্ট |
| ২৫% মেয়ে শিক্ষার্থী | ৮৬% পাশের হার | ৫০+ দক্ষ ও অভিজ্ঞ শিক্ষক |

## MOU Signing with

# ক্যারিয়ার ম্যাপ




# কোর্স ফি সমূহ

| সিভিল, ইলেকট্রিক্যাল, কম্পিউটার সাইন্স | | টেক্সটাইল, মেকানিক্যাল, অটোমোবাইল | |
|---|---|---|---|
| ভর্তি ফি | ৬০০০/- | ভর্তি ফি | ৬০০০/- |
| লাইব্রেরি, ল্যাব, উন্নয়ন এবং অন্যান্য ফি | ৬০০০/- | লাইব্রেরি, ল্যাব, উন্নয়ন এবং অন্যান্য ফি | ৬০০০/- |
| সেমিষ্টার ফি (১৪,০০০x৮) | ১,১২,০০০/- | সেমিষ্টার ফি (১২,৭০০x৮) | ১,০১,৬০০/- |
| মাসিক বেতন (২,০০০x৪৮) | ৯৬,০০০/- | মাসিক বেতন (১,৮০০x৪৮) | ৮৬,৪০০/- |
| সর্বমোট খরচ | ২,২০,০০০/- | সর্বমোট খরচ | ২,০০,০০০/- |

# বিশেষ কোর্স

ড্যাফোডিল ফ্যামিলির অন্যতম একটি অঙ্গ প্রতিষ্ঠান ড্যাফোডিল ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সিলেবাসের অন্তর্ভুক্ত শিক্ষা ব্যবস্থা ছাড়াও শিক্ষার্থীদের ডিজিটাল যুগে বর্তমান প্রতিযোগিতার বাজারে নিজেদের অবস্থান তৈরী করার জন্য উন্নত ধারার শিক্ষা অর্জনের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞ শিক্ষকদের তত্ত্বাবধানে চারটি পেইড কোর্স পরিচালনা করে। কোর্স চারটি হলো :

## ❖ আর্ট অব লিভিং:

পৃথিবীতে মানুষ হিসেবে আমাদের সবার কিছু দায়িত্ব -কর্তব্য ,নীতি -নৈতিকতা মেনে চলা উচিত। যা পরিবার থেকে শুরু করে রাষ্ট্র পর্যন্ত বিদ্যমান। ড্যাফোডিল ইনস্টিটিউট অবইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ডিআইইউ ,এর মাধ্যমে শিক্ষার্থীদের জন্য এই ভিন্নধর্মী কোর্সটি পরিচালনা করে থাকে ,যার মাধ্যমে শিক্ষার্থীরা তার এ সকল দায়িত্ব -কর্তব্য সম্পর্কে সচেতন হয় এবং এগুলো পালনে উদ্ধদ্ধ হয়।

## ❖ ইংরেজি:

বর্তমানে জীবনের প্রতিটি পর্যায়ে ইংরেজীর প্রয়োজন অনস্বীকার্য। আর এই লক্ষ্যে সিলেবাসের সীমাবদ্ধ ইংরেজী ছাড়াও শিক্ষার্থীদের ষষ্ঠ পর্বে বাধ্যতামূলক ভাবে প্রফেশনাল ইংরেজী শিক্ষা দেয়া হয় ,যা ভবিষতে ক্যারিয়ার নির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এ দুইটি কোর্স সম্পন্নকারী শিক্ষার্থীরা ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে উচ্চ শিক্ষায় ভর্তি হলে ওয়েভার পাবে ,যা উচ্চ শিক্ষার ব্যয় ও সময় উভয়ই কমায়।

## ❖ এমপ্লয়বিলিটি স্কিলস:

প্রতিযোগিতামূলক চাকরির বাজারে টিকে থাকতে হলে শুধুমাত্র প্রাতিষ্ঠানিক শিক্ষাই যথেষ্ট নয়। অনেক প্রতিযোগীর মধ্যে নিজেকে স্বতন্ত্র ভাবে উপস্থাপন করার জন্য এবং ছাত্র-ছাত্রীরা উজ্জ্বল ভবিষ্যতের জন্য ডিজাইন করা হয়েছে এই কোর্সটি । যা শিক্ষার্থীদের খুব সহজেই চাকরির প্রতিযোগিতার বাজারে প্রতিষ্ঠিত করতে সহায়তা করবে। এ তিনটি কোর্স সম্পন্নকারী শিক্ষার্থীরা ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে উচ্চ শিক্ষায় ভর্তি হলে (৩x৩=৯) ওয়েভার পাবে, যা উচ্চ শিক্ষার ব্যয় ও সময় উভয়ই কমায়। শিক্ষা ও পরীক্ষা পদ্ধতি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম ৪ বছর মেয়াদী মোট ৮ টি সেমিষ্টারে সম্পন্ন হয়। প্রতি সেমিষ্টার ৬ মাস মেয়াদী। প্রতি ৬ মাস অন্তর বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের নিয়ন্ত্রণে সেমিষ্টার ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হয়। এছাড়াও ছাত্র-ছাত্রীদের মিড-টার্ম পরীক্ষা, নিয়মিত ক্লাস টেস্ট, কুইজ টেস্ট ও ক্লাস উপস্থিতি ৮০ ভাগ অংশগ্রহন করতে হবে। সাফল্যের সাথে শিক্ষাক্রম সম্পন্ন করার পর শিক্ষার্থীগণ বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং সনদপত্র লাভ করে।

## ❖ মাইক্রোক্রেডেনশিয়াল কোর্স

ড্যাফোডিল ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি বাংলাদেশের প্রথম পলিটেকনিক প্রতিষ্ঠান হিসেবে কারিগরি শিক্ষায় মাইক্রোক্রেডেনশিয়াল কোর্স চালু করেছে। স্বল্প সময়ের মধ্যে বাস্তবভিত্তিক দক্ষতা অর্জনের একটি নতুন পথ মাইক্রোক্রেডেনশিয়াল, এর মাধ্যমে ছোট পরিসরের, নির্দিষ্ট স্কিল-ভিত্তিক স্বল্পমেয়াদী কোর্স, যা শিক্ষার্থীদের হাতে-কলমে দক্ষ করে তুলতে সহায়তা করে। এই কোর্সগুলোর মাধ্যমে শিক্ষার্থীরা প্রযুক্তি, ডিজাইন, সফট স্কিল, উদ্যোক্তা উন্নয়নসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ের উপর দ্রুত দক্ষতা অর্জন করে এবং এই উদ্যোগ শিক্ষার্থীদের একাডেমিক জ্ঞানের পাশাপাশি বাস্তব জীবনে কাজ করার উপযোগী করে গড়ে তুলতে সহায়তা করে।

# ফটো গ্যালারি


DAFFODIL INSTITUTE
ANNUAL
ORANDUM OF UNDERSTANDING
Between
Daffodil

# ইনোভেশন গ্যালারি

## অটোমোবাইল টেকনোলজি:






## মেকানিক্যাল টেকনোলজি :






## টেক্সটাইল টেকনোলজি :






# ইনোভেশন গ্যালারি

## সিভিল টেকনোলজি :






## ইলেকট্রিক্যাল টেকনোলজি :






## কম্পিউটার সাইন্স এন্ড টেকনোলজি






EIIN: 132337
Institute Code: 50243





প্রধান ক্যাম্পাস

১০৪/১ শুক্রাবাদ,
মিরপুর রোড, ঢাকা ১২০৯,
বাংলাদেশ।

01833-102822
01713-493240

+88-02-41021578
58151087
58151671

info@diet.ac


*Follow us on*

Visit our *Website* & Discover Your Future

www.diet.ac